রেজিস্টার্ড নং ডি এ-১

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

২০২১ সনের ৪৬ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ১৮, ২০২১

## সূচিপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৬৫৭—৬৬০ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১৪৩৫—১৪৫৩ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৩৯৩—১৪০০ |
| ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ..............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

### ভূমি মন্ত্রণালয়
### জরিপ অধিশাখা-২

### বিজ্ঞপ্তিসমূহ

তারিখ: ২৭ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ/১২ অক্টোবর ২০২১ খ্রিষ্টাব্দ

**নং ৩১.০০.০০০০.০৪৯.৩৬.০৪০.১২(অংশ-১).২২২**—The State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে:

| ক্রম | মৌজার নাম | জে.এল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | কুশডাঙ্গা | ২৪ | ৩৮৮ | কয়রা | খুলনা | |
| ২. | তেতুলতলার চর | ৫৩ | ৬৩৪ | কয়রা | খুলনা | |

মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www. bgpress. gov. bd

| ক্রম | মৌজার নাম | জে.এল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ৩. | হায়বাতপুর | ৯৩ | ৩৩৬ | শ্যামনগর | সাতক্ষীরা | মহামান্য হাইকোর্ট বিভাগের ১৪৩৯৬/ ২০১৬ নম্বর রিট মামলা দায়ের থাকায় রিট সংশ্লিষ্ট ১/১, ২, ৩২৪, ৩২৬, ৩২৯ নম্বর খতিয়ান ব্যতিত |
| ৪. | পিরগাজন | ১২৯ | ২৬২ | কালিগঞ্জ | সাতক্ষীরা | |
| ৫. | কাজলা | ১৮৫ | ১৫৭০ | কালিগঞ্জ | সাতক্ষীরা | |
| ৬. | নারায়ণপুর | ৯৩ | ৩৬৯ | তালা | সাতক্ষীরা | |
| ৭. | মিঠাবাড়ী | ১২ | ৫৯৬ | তালা | সাতক্ষীরা | |
| ৮. | টীকারামপুর | ২১ | ৪১১ | তালা | সাতক্ষীরা | |
| ৯. | মোড়েলাবাদ | ৫ | ৪১৯৫ | সরণখোলা | বাগেরহাট | |
| ১০. | আমড়াগাছিয়া | ৬ | ৩৩০২ | সরণখোলা | বাগেরহাট | |

**নং ৩১.০০.০০০০.০৪৯.৩৩.০০৬.১৭.২২৩**—The State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে:

| ক্রম | মৌজার নাম | জে.এল নম্বর | মোট খতিয়ান সংখ্যা | উপজেলা | জেলা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | বিদুরসাই | ৩৭ | ১৯১ | দিনাজপুর সদর | দিনাজপুর | |
| ২ | পূর্ব শিবরামপুর | ৭২ | ১৯১ | দিনাজপুর সদর | দিনাজপুর | |
| ৩ | মধুপুর | ২৪ | ২২৩ | পার্বতীপুর | দিনাজপুর | |
| ৪ | লালবিলাস | ৫৯ | ১৭৩ | পার্বতীপুর | দিনাজপুর | |
| ৫ | কুড়িআইল | ৭৯ | ১৭৭ | পার্বতীপুর | দিনাজপুর | |
| ৬ | শিকারপুর | ১২ | ২০২ | বিরল | দিনাজপুর | |
| ৭ | মাটিয়াকুড়া | ১৩৬ | ৩৩৭ | বীরগঞ্জ | দিনাজপুর | |
| ৮ | কাশীপুর | ১৩৯ | ৪৭৭ | বীরগঞ্জ | দিনাজপুর | |
| ৯ | ভান্ডারাই | ৭৯ | ২৫২ | বীরগঞ্জ | দিনাজপুর | |
| ১০ | সাত খামার | ১১৮ | ২৫৯ | বীরগঞ্জ | দিনাজপুর | |
| ১১ | উদয় শাঁকুয়া | ৫৪ | ১১৮ | বোচাগঞ্জ | দিনাজপুর | |
| ১২ | হাজীপুর | ১২২ | ১৭৫ | বোচাগঞ্জ | দিনাজপুর | |
| ১৩ | চুনিয়াপাড়া | ০৯ | ২০৮ | বোচাগঞ্জ | দিনাজপুর | |
| ১৪ | চন্ডীদাসপুর | ২৭ | ৩৮৬ | ঘোড়াঘাট | দিনাজপুর | |
| ১৫ | গোবিন্দপুর | ৪১ | ২৭০ | ঘোড়াঘাট | দিনাজপুর | |
| ১৬ | ধামাচৌকী | ৬৫ | ১০৭ | ঘোড়াঘাট | দিনাজপুর | |
| ১৭ | শাসনপোতা | ৬৯ | ১৩৭ | ঘোড়াঘাট | দিনাজপুর | |
| ১৮ | করঞ্জি | ৮৯ | ২১৯ | ঘোড়াঘাট | দিনাজপুর | |
| ১৯ | ছয়ঘট্টী | ৯৩ | ১৬৯ | ঘোড়াঘাট | দিনাজপুর | |
| ২০ | সরগাছী | ১১২ | ১৪৫ | ঘোড়াঘাট | দিনাজপুর | |
| ২১ | পাল্টা পাড়া | ৩৫ | ২১৭ | আটোয়ারী | পঞ্চগড় | |
| ২২ | খারিজা ঝলই বাসুদেব বড়ুয়া | ০৪ | ১১৮ | বোদা | পঞ্চগড় | |
| ২৩ | আরাজী শিকারপুর | ০৫ | ২১৩ | বোদা | পঞ্চগড় | |
| ২৪ | মেনাগ্রাম | ১৫২ | ২৩৭ | বোদা | পঞ্চগড় | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শাকিলা রহমান**
সিনিয়র সহকারী সচিব।

**তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়**
**তথ্য ও গণযোগাযোগ-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৮ আশ্বিন ১৪২৮/০৩ অক্টোবর ২০২১

**নং ১৫.০০.০০০০.০২৫.৩২.০০৩.১৬.২৭৩**—যেহেতু, জনাব মীর মোশাররফ হোসেন, সিনিয়র তথ্য অফিসার, তথ্য অধিদফতর, ঢাকা এর বিরুদ্ধে জনসংযোগ কর্মকর্তা হিসেবে বাংলাদেশ সরকারী কর্মকমিশনে কর্মরত থাকা অবস্থায় ঘুষ গ্রহণের অভিযোগে ২৫-০৩-২০১৪ খ্রিঃ তারিখে রাজধানীর কাফরুল থানায় দুর্নীতি দমন কমিশন একটি মামলা দায়ের করে (মামলা নং-৪৮(০৩)২০১৪);

০২। যেহেতু, উক্ত মামলায় দন্ড বিধি'র ১৬১ ধারাসহ ১৯৪৭ সালের দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) ধারায় কাফরুল থানায় ১৫-১২-২০১৫ খ্রিঃ তারিখে চার্জশিট দাখিল করা হয়। এই চার্জশিট বিজ্ঞ আদালত কর্তৃক বিচারার্থে গৃহিত হয়েছে মর্মে দুর্নীতি দমন কমিশন মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করে। মন্ত্রিপরিষদ বিভাগ ০৭-০৮-২০১৬ খ্রিঃ তারিখে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়কে নির্দেশনা প্রদান করে। উক্ত নির্দেশনার আলোকে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় কর্তৃক তাঁকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর ১১(১) বিধি মোতাবেক তথ্য অধিদফতরে সংযুক্তিপূর্বক চাকরি থেকে সাময়িক বরখাস্ত করা হয়;

০৩। যেহেতু, উক্ত মামলা থেকে উদ্ভূত মেট্রো বিশেষ মামলা নং-৪৮/২০১৬-এ বিজ্ঞ বিশেষ জজ আদালত নং-৬, ঢাকা বিগত ৩০-০১-২০১৭ খ্রিঃ তারিখে দন্ড বিধির ১৬১ ধারা তৎসহ ১৯৪৭ সালের দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) ধারায় দোষী সাব্যস্ত করে তাঁকে ০৩ বছরের সশ্রম কারাদন্ডসহ ২,০০,০০০ (দুই লক্ষ) টাকা অর্থদন্ড প্রদান করেন;

০৪। যেহেতু, The Government Servants (Dismissal on Conviction) Ordinance, 1985 এর ৩(১) ধারা অনুযায়ী কোনো সরকারি কর্মচারী ফৌজদারি অপরাধে সাজাপ্রাপ্ত হলে, রায় বা সাজার আদেশ ঘোষণার তারিখ হইতে তাৎক্ষণিকভাবে চাকরি থেকে বরখাস্তযোগ্য;

০৫। সেহেতু, জনাব মীর মোশাররফ হোসেন, সিনিয়র তথ্য অফিসার, তথ্য অধিদফতর, ঢাকা (সাময়িক বরখাস্তকৃত) ফৌজদারি অপরাধে সাজাপ্রাপ্ত হওয়ায় তাঁকে The Government Servants (Dismissal on Conviction) Ordinance, 1985 এর ৩(১) ধারা অনুযায়ী সাজার আদেশ ঘোষণার তারিখ অর্থাৎ ৩০-০১-২০১৭ খ্রিঃ হতে "চাকরি থেকে বরখাস্ত (Dismissal from Service)" করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মকবুল হোসেন পিএএ**
সচিব।

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**বেসরকারি কলেজ-৬ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৬ আশ্বিন ১৪২৮/১১ অক্টোবর ২০২১

**নং ৩৭.০০.০০০০.০৭০.৫৩.০০১.১৮.২২১**—'সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্মীকরণ বিধিমালা-২০১৮'-এর আলোকে জামালপুর জেলার মেলান্দহ উপজেলাধীন 'শেখ কামাল কলেজ' ০৬ অক্টোবর ২০২১ খ্রিষ্টাব্দ হতে সরকারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মঈনুল হাসান**
উপসচিব (বেসরকারি কলেজ-৬)।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ: ১৭ নভেম্বর ২০১৩ ইং

বিষয়: **মুন্সীগঞ্জ জেলার মিরকাদিম পৌরসভার ৭নং ওয়ার্ডের অস্থায়ী নিকাহ্ রেজিস্ট্রার নিয়োগ প্রসঙ্গে।**

**নং বিচার-৭/২এন-৪৫/২০০২-১৫৬৫**—উপরে উল্লিখিত বিষয়ের প্রেক্ষিতে আদিষ্ট হইয়া জানাইতেছি যে, সরকার মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ (সংশোধিত বিধিমালা, ২০১৩) এর ৬ক বিধি মোতাবেক জনাব সালেহ আহমেদ, পিতা-সুলতান মাহমুদ, মাতা-দেলোয়ারা, ঠিকানা-১০৯/২, তিলার্দী, ডাকঘর-মিরকাদিম, উপজেলা-মুন্সীগঞ্জ, জেলা-মুন্সীগঞ্জ-কে কোনো আদালতে কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে কার্যকর হইবে না এই শর্তে মুন্সীগঞ্জ জেলার মিরকাদিম পৌরসভার ৭নং ওয়ার্ডের অস্থায়ী নিকাহ্ রেজিস্ট্রী লাইসেন্স প্রদানের অনুমোদন জ্ঞাপন করিলেন।

২। এই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও বিধি মোতাবেক দরখাস্ত আহ্বানপূর্বক অবিলম্বে স্থায়ী নিয়োগের প্যানেল প্রেরণের জন্য অনুরোধ করা হইল।

৩। ইতোমধ্যে সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

৪। পরবর্তী বিধি মোতাবেক স্থায়ী নিয়োগ হওয়ার সাথে সাথে অস্থায়ী নিকাহ্ রেজিস্ট্রী লাইসেন্স স্বয়ংক্রিয়ভাবে বাতিল হইয়া যাইবে।

এই আদেশ কোনো মামলায় কোনোরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে কার্যকর হইবে না।

**মোঃ হেমায়েত উদ্দিন**
সিনিয়র সহকারী সচিব।

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**বেসরকারি কলেজ-৬ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৬ ভাদ্র ১৪২৮/৩১ আগস্ট ২০২১

**নং ৩৭.০০.০০০০.০৭০.৪১.০০১.১৮.১৫০**—‘সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্তীকরণ বিধিমালা-২০১৮’-এর আলোকে বরিশাল মহানগরীতে প্রতিষ্ঠিত ‘আবদুর রব সেরনিয়াবত কলেজ’ গত ২৬ আগস্ট ২০২১ তারিখ হতে সরকারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**খালেদা আখতার**
উপসচিব (বেসরকারি কলেজ-৬)।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশাবলি**

তারিখ : ০৫ সেপ্টেম্বর ২০২১ খ্রিঃ

নং **বিচার-৭/২-এন-১২৫/৭৯-২০৪**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মোঃ আমজাদ হোসাইন, জন্ম তারিখ: ০১-০১-১৯৭৯ খ্রিঃ, পিতা-মোঃ শফিউদ্দিন শেখ, মাতা-মোসাঃ সাহেরা খাতুন, গ্রাম-হাড়িদিয়া, ওয়ার্ড নং-০৩, ডাকঘর-হাড়িদিয়া, উপজেলা-লৌহজং, জেলা-মুন্সিগঞ্জ।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে মুন্সিগঞ্জ জেলার লৌহজং উপজেলার গাওদিয়া ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আনোয়ারুল হক**
সিনিয়র সহকারী সচিব।